গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ দূতাবাস
বৈরুত, লেবানন

স্মারক নং-বিইবি/ইনপুটস/০৬ ১৩ মার্চ, ২০২৫ খ্রি.

বিষয়ঃ 'তারুণ্যের উৎসব-২০২৫' উপলক্ষে দূতাবাস কর্তৃক গৃহিত প্রতিবেদন প্রসঙ্গে।

সূত্রঃ : ১৯.০০.০০০০.৬২৫.০২.০০৩.২২/৭১; তারিখ: ০৯ মার্চ, ২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ দূতাবাস, বৈরুত, লেবানন কর্তৃক তারুণ্যের উৎসব উপলক্ষে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করে। এ সংক্রান্ত সকল কর্মসূচি উদযাপনের কার্যক্রম নিম্নবর্ণিত ছকে সন্নিবেশিত করা হলো:

ইভেন্টের নাম	ইভেন্টের সংখ্যা			অংশগ্রহণকারীর সংখ্যা			অনুষ্ঠানে উপস্থিত গুরুত্বপূর্ণ ব্যক্তিত্ব (উপদেষ্টা/সচিব/অন্যান্য)
	নারী	পুরুষ	মোট	নারী	পুরুষ	মোট	
১। প্রবাসী বাংলাদেশিদের অংশগ্রহণে প্রীতি ক্রিকেট টুর্নামেন্ট আয়োজন।	১		১	-	২০৮	২০৮	মান্যবর রাষ্ট্রদূত, প্রথম সচিব (শ্রম), দূতাবাসের কর্মকর্তা/কর্মচারীগণ ও তাদের পরিবারের সদস্যবৃদন্দ, সাংবাদিক ও বাংলাদেশি বিশিষ্ট ব্যক্তিবর্গ
২। "বাংলাদেশকে বদলাই, বিশ্বকে বদলাই"-এই প্রতিপাদ্যের আলোকে লেবানন প্রবাসী বাংলাদেশি তরুণ উদ্যোক্তা ও ব্যবসায়ীগণের অংশগ্রহণে আলোচনা সভার আয়োজন।	১		১	৫	৩০	৩৫	প্রথম সচিব (শ্রম) ও চার্জ দ্য অ্যাফেয়ার্স এ.আই, ব্যবসায়ী ও তরুণ উদ্যোক্তাগণ

০২। এমতাবস্থায়, বিভিন্ন অনুষ্ঠান সম্পর্কিত আলোকচিত্রগুলো ও সংবাদ বিজ্ঞপ্তির কপি সদয় অবগতির জন্য এতদসংঙ্গে সংযুক্ত করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

(মোহাম্মদ আনোয়ার হোসাইন)
প্রথম সচিব (শ্রম) ও চার্জ দ্য অ্যাফেয়ার্স এ.আই

পরিচালক (জনকূটনীতি)
জনকূটনীতি অনুবিভাগ
পররাষ্ট্র মন্ত্রণালয়
ঢাকা।










"বাংলাদেশকে বদলাই,
বিশ্বকে বদলাই"
তারুণ্যের উৎসব-২০২৫
লেবানন প্রবাসী তরুণ উদ্যোক্তা ও
ব্যবসায়ীদের সহিত মত বিনিময় সভা
বাংলাদেশ দূতাবাস, বৈরুত, লেবানন


STABLE & STRONG




বাংলাদেশ দূতাবাস, বৈরুত, লেবানন

বাংলাদেশ দূতাবাস
বৈরুত, লেবানন
Embassy of Bangladesh
Beirut, Lebanon

সংবাদ বিজ্ঞপ্তি

বৈরুত, ১১ ফেব্রুয়ারি ২০২৫: গত ০৭ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি. তারিখে বাংলাদেশ দূতাবাস, বৈরুত-এ যথাযোগ্য উৎসাহ উদ্দীপনায় "বাংলাদেশকে বদলাই, বিশ্বকে বদলাই" এই প্রতিপাদ্যের আলোকে তারুণ্যের উৎসব-২০২৫ উদযাপিত হয়। দূতাবাসের চার্জ দ্যা 'অ্যাফেয়ার্স ও প্রথম সচিব (শ্রম) জনাব মোহাম্মদ আনোয়ার হোসাইন উক্ত অনুষ্ঠানটি পরিচালনা করেন।

অনুষ্ঠানটি দুটি পর্বে আয়োজন করা হয়। প্রথম পর্বে আলোচনা সভা এবং দ্বিতীয় পর্বে বাংলাদেশ প্রিমিয়ার লীগ (বিপিএল) ২০২৫-এর ফাইনাল খেলা উপভোগ। উক্ত অনুষ্ঠানে লেবাননের প্রবাসী বাংলাদেশি তরুণ উদ্যোক্তা ও ব্যবসায়ীগণ স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করেন।

প্রবাসী বাংলাদেশি তরুণ উদ্যোক্তা ও ব্যবসায়ীগণ আলোচনায় অংশগ্রহণ করেন এবং তাদের বিভিন্ন সমস্যার কথা দূতাবাসে তুলে ধরেন, সেই সাথে লেবাননে শ্রম বাজার সম্প্রসারণে তরুণ উদ্যোক্তা ও লেবাননে বাংলাদেশি ব্যবসায়ীগণের জন্য ব্যবসায়ী ক্যাটাগরীতে তাদের অনুকূলে ব্যবসায়ী ভিসা প্রদানে ব্যবস্থা গ্রহণের জন্য বিস্তারিত আলোচনা ও পরামর্শ প্রদান করেন এবং স্থানীয় কর্তৃপক্ষের সহিত আলোচনার জন্য অনুরোধ জানানো হয়। এ সময় দূতাবাসের চার্জ দ্যা 'অ্যাফেয়ার্স ও প্রথম সচিব (শ্রম) জনাব মোহাম্মদ আনোয়ার হোসাইন তাদের বিভিন্ন সমস্যার কথা মনোযোগসহকারে শুনেন এবং দূতাবাসের পক্ষ থেকে স্বাগতিক দেশের নিয়ম মেনে তাদের বিভিন্ন সমস্যা সমাধানে দূতাবাসের সহযোগিতা অব্যাহত থাকবে বলে আশ্বস্ত করেন। এছাড়া, তিনি জুলাই-আগস্টের ছাত্র-জনতার গণআন্দোলনে বীর শহিদদের আত্মার মাগফিরাত এবং আহতদের সুস্থতা কামনা করেন এবং শহীদ যোদ্ধাদের আকাঙ্ক্ষার সফল বাস্তবায়নে তরুণ উদ্যোক্তা ও ব্যবসায়ীগণকে একযোগে কাজ করার আহ্বান জানান। এছড়াও তরুণ উদ্যোক্তা ও ব্যবসায়ীগণ অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানান এবং বাংলাদেশ প্রিমিয়ার লীগ (বিপিএল) ২০২৫-এর ফাইনাল খেলা উপভোগ করার জন্য আহ্বান জানান। অনুষ্ঠান শেষে আগত অতিথিদের জন্য আপ্যায়নের ব্যবস্থা করা হয়।

*****

Embassy of the People's Republic of Bangladesh * Beirut *

Al Riyadh Bldg.3, 4th Floor, Safara Al Kuwaiti Street, Bir Hassan, Beirut, Lebanon
Phone: + 961 1 842 586/7, Fax: +961 1 842 588, E-mail: mission.beirut@mofa.gov.bd

বাংলাদেশ দূতাবাস
বৈরুত, লেবানন
Embassy of Bangladesh
Beirut, Lebanon

সংবাদ বিজ্ঞপ্তি

বৈরুত, ০৫ জানুয়ারি, ২০২৫: বৈরুতস্থ বাংলাদেশ দূতাবাসের আয়োজনে প্রবাসী বাংলাদেশীদের অংশগ্রহণে সেন্ট জোসেফ চার্চ পার্কিং গ্রাউন্ড, আশ্রাফিয়ে একটি প্রীতি ক্রিকেট টুর্নামেন্ট-২০২৪ খেলা অনুষ্ঠিত হয়। বিপুল উৎসাহ উদ্দীপনা ও উৎসবমুখর পরিবেশে প্রবাসীরা মাঠে উপস্থিত হয়ে প্রীতি ক্রিকেট টুর্নামেন্ট-২০২৪ উপভোগ করেন। উক্ত খেলায় চারটি দল অংশগ্রহণ করেন। কর্ণফুলী বনাম পদ্মা এবং সুরমা বনাম মেঘনা-এর মধ্যে নকআউট পর্ব খেলা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানের শুরুতেই লেবাননে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত এয়ার ভাইস মার্শাল জাভেদ তানভীর খান, ওএসপি, বিএসপি, এনডিসি, এএফডব্লিউসি, এসিএসসি, পিএসসি, জাতীয় সঙ্গীত পরিবেশন ও পায়রা অবমুক্ত করার মাধ্যমে ক্রিকেট খেলার শুভ উদ্বোধন করেন। রাষ্ট্রদূত প্রতিটি দলের খেলোয়ারদের সংগে পরিচিত হন এবং কুশল বিনিময় করেন। রাষ্ট্রদূত মাঠে উপস্থিত থেকে খেলা উপভোগ করেন। এছড়া, অনুষ্ঠানে লেবাননে কর্মরত প্রবাসী বাংলাদেশিগণ, বিভিন্ন মিডিয়ার ব্যক্তিবর্গ এবং দূতাবাসের কর্মকর্তা-কর্মচারীগণ ও তাদের পরিবারের সদস্যবৃন্দ স্বতঃস্ফূর্তভাবে প্রীতি ক্রিকেট টুর্নামেন্টের খেলা দেখার জন্য মাঠে উপস্থিত হন।

পরবর্তীতে কর্ণফুলী ও সুরমা দলের মধ্যে ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়। খেলায় সুরমা দল ৩১ রানে জয় লাভ করে চ্যাম্পিয়ান হওয়ার গৌরব অর্জন করেন। খেলায় বিজয়ীদের হাতে ট্রফি তুলে দেন লেবাননে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত এয়ার ভাইস মার্শাল জাভেদ তানভীর খান।

এ সময় রাষ্ট্রদূত, বিজয়ী দলকে আন্তরিক অভিনন্দন জানান এবং অনান্য দলগুলোকে অংশগ্রহণ করায় আন্তরিক শুভেচ্ছা জানান । উল্লেখ্য যে, উক্ত অনুষ্ঠানে চারটি দলের মধ্যে পৃথক পৃথক জার্সি প্রদান করা হয়। এছাড়া, খেলোয়ার এবং আগত অতিথিদের জন্য আপ্যায়নের ব্যবস্থা করা হয়।

*****

Embassy of the People's Republic of Bangladesh • Beirut •

Al Riyadh Bldg.3, 4th Floor, Safara Al Kuwaiti Street, Bir Hassan, Beirut, Lebanon
Phone: + 961 1 842 586/7, Fax: +961 1 842 588, E-mail: mission.beirut@mofa.gov.bd










"বাংলাদেশকে বদলাই,
বিশ্বকে বদলাই"
তারুণ্যের উৎসব ২০২৫
নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে
তারুণ্যের উৎসব-২০২৫
লেবানন প্রবাসী তরুণ উদ্যোক্তা ও
ব্যবসায়ীদের সহিত মত বিনিময় সভা
বাংলাদেশ দূতাবাস, বৈরুত, লেবানন


STABLE & STRONG




"বাংলাদেশকে বদলাই,
বিশ্বকে বদলাই"
তারুণ্যের উৎসব-২০২৫
লেবানন প্রবাসী তরুণ উদ্যোক্তা ও
ব্যবসায়ীদের সহিত মত বিনিময় সভা
বাংলাদেশ দূতাবাস, বৈরুত, লেবানন